

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

মাধবদী শাখা, থানা ও জিলাঃ নরসিংদী।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধককৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাধবদী শাখার ঋণগ্রহীতা মেসার্স মক্কা টেক্সটাইল, মালিক মোঃ আবদুল মান্নান, পিতা-মৃত আবু সিদ্দিক মিয়া, মাতাঃ মোসাঃ সাফিয়া, ঠিকানা- গ্রাম + পোঃ নওয়াপাড়া, থানা ও জেলাঃ নরসিংদী কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৪/০১/২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট টাকা ৪৭,০৪,৯৬১.৪০ (সাত চল্লিশ লক্ষ চার হাজার নয়শত একষট্টি টাকা চল্লিশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্নাজ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

০১। জেলা-নরসিংদী, থানা-নরসিংদী সদর, সাব-রেজিস্ট্রি অফিস- নরসিংদী সদর, মৌজা: চৌদ্দপাইকা, জে.এল. নং- সিএস ও এসএ-৩৪৬, আরএস-৭৫, খতিয়ান নং-সিএস-৮৯৩, এসএ-৯১৯, আরএস-১০৩৪, আরএস খারিজা-১০৩৪/বি, জোত নং-২৩৬২, প্লট নং-সিএস/এসএ-১২৮৮, আরএস-৩৩৮৭, জমির পরিমাণ = ১৮.০০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।

০২। জেলা-নরসিংদী, থানা-নরসিংদী সদর, সাব-রেজিস্ট্রি অফিস- নরসিংদী সদর, মৌজা: বিরামপুর, জে.এল. নং- সিএস-২২২, এসএ-১৩০, আরএস-১১৩, খতিয়ান নং-সিএস-১৩, এসএ-১২, আরএস-৩৬৮, আরএস খারিজা-৩৬৮/বি, জোত নং-১১৭২, প্লট নং-সিএস/এসএ-৩৫, আরএস-৯৯, জমির পরিমাণ = ৭.৫০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।

০৩। জেলা-নরসিংদী, থানা-নরসিংদী সদর, সাব-রেজিস্ট্রি অফিস- নরসিংদী সদর, মৌজা: বরো নওয়াপাড়া, জে.এল. নং- সিএস-২২৫, এসএ-১২৮, আরএস-১১১, খতিয়ান নং-সিএস-১৬৬, এসএ-১৩২, আরএস-২৯১, আরএস খারিজা-২৯১/বি, জোত নং-১৭৭৫, প্লট নং-সিএস/এসএ-১০৫৩, আরএস-২২৮৩, ২২৮৬, ২২৮১, জমির পরিমাণ = ৫.০০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।

৪। জেলা-নরসিংদী, থানা-নরসিংদী সদর, সাব-রেজিস্ট্রি অফিস- নরসিংদী সদর, মৌজা: গাজীরগাও, জে.এল. নং- সিএস-৩১০, এসএ-৮৭, আরএস-৭৬, খতিয়ান নং-সিএস-৯, এসএ-৭, আরএস-৩৪, আরএস খারিজা-৩০৬, জোত নং-৩০৬, প্লট নং-সিএস/এসএ-৩২২, আরএস-৪৪৮, জমির পরিমাণ = ২৮.০০ শতাংশ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৮.০২.২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাধবদী শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাধবদী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাধবদী শাখা, থানা ও জিলাঃ নরসিংদী।